গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কক্সবাজার।
রাজস্ব শাখা
www.coxsbazar.gov.bd

স্মারক নম্বর : ০৫.২০.২২০০.১২৮.২০.০৫৩.২০২৫-২৮০

তারিখ : /১১/১৪৩১ বঙ্গাব্দ
/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ

১৪৩২ বঙ্গাব্দের জন্য কক্সবাজার জেলার বালুমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা কক্সবাজার জেলার ইজারাযোগ্য বালুমহালসমূহ ১৪৩২ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী তালিকাভুক্ত ব্যক্তি / প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী দরপত্র ফরম অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা (এস,এ), উপজেলা নির্বাহী অফিসার, রামু/চকরিয়া/পেকুয়া/উখিয়া/ঈদগাঁও/কক্সবাজার সদর হতে সংগ্রহ করা যাবে। বালুমহালসমূহের তফসিলসহ বিস্তারিত বিবরণ ও দরপত্রের শর্তাবলী অফিস চলাকালীন অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড, জেলা তথ্য বাতায়ন www.coxsbazar.gov.bd, রাজস্ব (এস,এ)শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, স্থানীয় পৌরসভা কার্যালয়, ইউনিয়ন পরিষদ কার্যালয় এবং পানি উন্নয়ন বোর্ডের নোটিশ বোর্ড হতে জানা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর রাজস্ব শাখায় এবং পুলিশ সুপারের কার্যালয়, কক্সবাজার-এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র দাখিলের দিন বিকাল ৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষে দরপত্র বাক্স খোলা হবে।

দরপত্র বিক্রয়/দাখিল/দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়

পর্যায় (বার)	দরপত্র বিক্রয়ের তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়
১ম	বিজ্ঞপ্তি প্রচারের দিন হতে ১৯.০৩.২০২৫ তারিখ অফিস সময় পর্যন্ত	২০.০৩.২০২৫ খ্রি.সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	২০.০৩.২০২৫ খ্রি. বিকাল ০৩.০০ টা
২য়	২৫.০৩.২০২৫ তারিখ হতে ০৩.০৪.২০২৪ তারিখ অফিস সময় পর্যন্ত	০৬.০৪.২০২৫ খ্রি.সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	০৬.০৪.২০২৫ খ্রি.বিকাল ০৪.০০ টা
৩য়	০৭.০৪.২০২৫ তারিখ হতে ০৯.০৪.২০২৫ তারিখ অফিস সময় পর্যন্ত	১০.০৪.২০২৫ খ্রি.সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	১০.০৪.২০২৪ খ্রি. বিকাল ০৪.০০ টা
৪র্থ	১৩.০৪.২০২৫ তারিখ হতে ১৬.০৪.২০২৫ তারিখ অফিস সময় পর্যন্ত	১৭.০৪.২০২৫ খ্রি.সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	১৭.০৪.২০২৫ খ্রি. বিকাল ০৪.০০ টা

উপর্যুক্ত সময় অনুযায়ী ১ম বার আগ্রহী দরপত্রদাতা হতে উপযুক্ত দরপত্র পাওয়া না গেলে পর্যায়ক্রমে ২য়, ৩য় ও ৪র্থ বারের সময়সূচি প্রযোজ্য হবে। এক্ষেত্রে পুন: ইজারা বিজ্ঞপ্তি প্রচার করা হবে না।

উপজেলার নাম	বালুমহালের নাম
উখিয়া	০১) বালুখালী-১, ০২) দোছড়ি, ০৩) পালংখালী, ০৪) হিজলিয়া, ০৫) ধোয়াংগারচর, ০৬) কুমারিয়ারছড়া বালুমহাল
ঈদগাঁও	০৭) ঈদগাঁও খাল বালুমহাল,
রামু	০৮) চাকমারকুল, ০৯) পানেরছড়া, ১০) বাঁকখালী, ১১)টুটেংগারছড়া, ১২) চাইন্দাছড়া, ১৩) উত্তর মিঠাছড়ি, ১৪) পাগলিরছড়া, ১৫) ধেছুয়া পালং, ১৬) দারিয়ারদীঘি, ১৭) ধোয়াপালং, ১৮) ধলিরছড়া, ১৯) পানিরছড়া বালুমহাল, ২০) জাংছড়ি, ২১) খুনিয়া পালং বালুমহাল,
চকরিয়া	২২) হারবাং-১, ২৩) হারবাং-২, ২৪) কোনাখালী, ২৫) খুটাখালী-১ বালুমহাল ,
পেকুয়া	২৬) সোনাইছড়ি, ২৭) বটতলী বালুমহাল

স্বাক্ষরিত/-
১১/০৩/২০২৫
মোহাম্মদ সালাহ্‌উদ্দিন
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি,
কক্সবাজার

১৪৩২ বাংলা সনে ইজারা প্রদানের লক্ষ্যে ইজারাযোগ্য ২৭ (সাতাশ) টি বালুমহালের তালিকা :

'ছক'

ক্র: নং	উপজেলার নাম	বালুমহালের নাম	মৌজা ও বিএস খতিয়ান নং	বিএস দাগ নং	জমির পরিমাণ (একরে)	সরকারি মূল্য	সিডিউল মূল্য (প্রতিটি)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
০১		বালুখালী-১ বালুমহাল	উখিয়ারঘাট খতিয়ান নম্বর-১	৪৪১	০.৯৬	১৬,৪৪,৫০০/-	৪,০০০/-
০২		দোছড়ি বালুমহাল	ওয়ালপালং ও রাজাপালং খতিয়ান নম্বর-১	৬৫৩১, ৭২১৫, ১০২৭৫, ১০২৭৬, ১০৬০৩ ও ১১০৪৬	৯.০৯	১২,৬৭,৯৩৭/-	২,৮০০/-
০৩		পালংখালী বালুমহাল	পালংখালী খতিয়ান নম্বর-১	২৫৯৪ ও ২৬০৩	৮.৬২	৫০,৩১,৪১৪/-	৮,০০০/-
০৪	উখিয়া	হিজলিয়া বালুমহাল	রাজাপালং খতিয়ান নম্বর-১	৫১২, ১০০১, ১১৪৪, ১১৮৩,	৩.৭৩	৭,৫৩,৫৩৭/-	১,৮০০/-
০৫		ধোয়াংগারচর বালুমহাল	রাজাপালং খতিয়ান নম্বর-১	১০৮৬৮ ও ১০৮৩৪	২.৮৯	২৩,১৪,০৩৪/-	৪,২০০/-
০৬		কুমারিয়ারছড়া বালুমহাল	রাজাপালং খতিয়ান নম্বর-১	৮৬৭২, ৮৬৭৩, ৮৬৭৬ ও ৮৮৪০,	১.০৪	৮,৬৬,১০৪/-	২,০০০/-
০৭	ঈদগাঁও	ঈদগাঁও খাল বালুমহাল	ঈদগাঁও খতিয়ান নম্বর-১	৭৫৯৯,৭৬০০,৭৬০১	১.০০	৬৯,৫৫,৬৬৮/-	৮,০০০/-
০৮		চাকমারকুল বালুমহাল	চাকমারকুল খতিয়ান নম্বর-১	৮১৫৪	১.৬৮	৪,৯৭,২৫৭/-	১,২০০/-
০৯		পানেরছড়া বালুমহাল	দক্ষিণ মিঠাছড়ি খতিয়ান নম্বর-১	৬৬৯৩, ৬৯৪১	২.২৬	৮,৫৫,১০৪/-	২,৪০০/-
১০		বাঁকখালী নদী বালুমহাল	শ্রীকুল খতিয়ান নম্বর-১	৬১৩,৬২৪,৬২৫,৬২৯, ৬৩৫, ৬৩৬, ৬৫৯, ৬৬০,৬৭১, ৬৭২, ৬৭৩, ৬৭৪, ৬৭৬, ৬৭৭	৬.৯৫	৬৫,১৩,১০০/-	৮,০০০/-
১১		টু-টেংগারছড়া (তক্ষকের ছড়া) বালুমহাল	রাজারকুল খতিয়ান নম্বর-১	৮৮৭০, ৮৮৪০,৮৭৭৯, ৮৯০৭	১.১১	৫,৮৯,৮০৪/-	১,৮০০/-
১২	রামু	চাইন্দাছড়া বালুমহাল	চাইন্দা খতিয়ান নম্বর-১	১৮৫৫/১৯৮৭, ৫১৬০, ৫১৬৩	০.৮১	১,৯২,৬৮৪/-	১,০০০/-
১৩		উত্তর মিঠাছড়ি বালুমহাল	উত্তর মিঠাছড়ি খতিয়ান নম্বর-১	১৮৩১	১.৬৮	১,৫৯,৮৬৭/-	১,০০০/-
১৪		পাগলিরছড়া বালুমহাল	চাইন্দা খতিয়ান নম্বর-১	৫২৩৬/৫৭৩৩, ৭৫০১	১০.১৫	৮,১৪,৭৭০/-	১,৬০০/-
১৫		ধেছুয়াপালং বালুমহাল	ধেছুয়াপালং খতিয়ান নম্বর-১	২, ৭, ৩৬৭, ৪৮৭, ১০০১, ১২০২, ১২৩১, ১৫৯৩, ২৭৭৯, ৩০৬২	১৭.০৩	৪,৩৭,২৫০/-	১,২০০/-
১৬		দারিয়ারদিঘী বালুমহাল	দারিয়ারদিঘী খতিয়ান নম্বর-১	২৬১১, ২৬৩৬, ২৬৮৩, ৩৬০৯, ৩৬৭৬	১০.৩৪	১৪,০৯,৪৬৮/-	২,৮০০/-
১৭		ধোয়াপালং বালুমহাল	ধোয়াপালং খতিয়ান নম্বর-১	৪৪,৪৫,১০০৫,১০১৮, ১০৪২, ১২৪৮, ১৫২৮, ১৫২৯, ২৫৪৭,২৬৩১, ২৬৭৭	১১.৩৫	১৮,৬৯,১০৪/-	২,৮০০/-
১৮	রামু	ধলিরছড়া বালুমহাল	ধলিরছড়া খতিয়ান নম্বর-১	৪২৭২	০.৭৮	৬,৯১,১৬৭/-	১,২০০/-
১৯		পানিরছড়া খাল বালুমহাল	ধলীরছড়া খতিয়ান নং-১	১৮৬৭ ও ৭০৫৩	১.৮১	২,০২,৮৯০/-	১,০০০/-
২০	রামু	জাংছড়ি বালুমহাল	দক্ষিণ কচ্ছপিয়া, গর্জনিয়া, কচ্ছপিয়া খতিয়ান নং-১	৫৭৯৬, ৫৮১২, ৬১১১, ৬৬৫১, ৬৬৫২, ৬৬৯৭, ৫১৫৬, ৯৪৮৪, ৯৪৮৬, ৯৪৯৮, ৯৪৯৭,	৭.২৯	১,৯৫,০৬৭/-	১,০০০/-
২১		খুনিয়াপালং বালুমহাল	খুনিয়াপালং খতিয়ান নং-১	১৬৩১, ১৭৭০, ৩৪৩৫, ৩৪৩৯, ৩৪৪০	১২.৩৪	১০,৬৭,০০০/-	২,৪০০/-
২২	চকরিয়া	হারবাং-১ বালুমহাল	হারবাং খতিয়ান নম্বর-১	১৬৫০৭, ১৬৭০৫, ১৬৭৩২, ১৬৭৩৩ ১৬৭৭৬	১৬.৮৩	৮,৮১,৬৫০/-	২,৪০০/-
২৩		হারবাং-২ বালুমহাল	হারবাং খতিয়ান নম্বর-১	৮৯	৩.৪০	৩,১৯,৩৬৬/-	১,২০০/-

(ক্রমশ:)

ক্রঃ নং	উপজেলার নাম	বালুমহালের নাম	মৌজা ও বি.এস খতিয়ান নং	বি.এস দাগ নং	জমির পরিমান একরে	সরকারী মূল্য	সিডিউল মূল্য
২৪	চকরিয়া	কোনাখালী বালুমহাল	ভেওলা মানিকচর খতিয়ান নম্বর-১	২৩৩২	১.২৫	১১,৪২,৩৫০/-	২,৪০০/-
২৫		খুটাখালী-১ বালুমহাল	খুটাখালী খতিয়ান নং-১	৩৫০১, ৩৫১২, ৩৫১৩, ৩৫১৪, ৩৫৪২, ৩৫৯১	৯.০৩	২৮,১৬,২৫৬/-	৫,৮০০/-
২৬	পেকুয়া	সোনাইছড়ি বালুমহাল	সোনাইছড়ি খতিয়ান নম্বর-১ টৈটং খতিয়ান নম্বর-১ টৈটং খতিয়ান নম্বর-২১৬	১২৩৮, ১২৬৬, ১৭৮৬ ২৫৪৭ ২১৬, ২৫৪১, ২৬৩৩, ২৬৪২	২.৪৫ ২.৭৩ ২.৫৪ মোট-৭.৭২	৭,০১,৪৭০/-	১,৮০০/-
২৭		বটতলী বালুমহাল	বটতলী খতিয়ান নম্বর-১	১০৩১, ১১৭৭ ১১৭৯, ১১৯৮	০.১৪	১৪,৩৮,২৫০/-	৩,২০০/-

<u>দরপত্রের শর্তাবলী ঃ</u>

০১। জেলা প্রশাসক, কক্সবাজার বরাবরে বিজ্ঞপ্তিতে উল্লিখিত সিডিউল মূল্য (অফেরতযোগ্য) নগদ জমা দিয়ে এ কার্যালয়ের রাজস্ব শাখ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/কক্সবাজার সদর/রামু/উখিয়া/চকরিয়া/পেকুয়া/ঈদগাঁও হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

০২। সীলমোহরকৃত খামে প্রতিটি বালুমহালের জন্য পৃথক পৃথকভাবে দরপত্র দাখিল করতে হবে। খামের উপর মহালের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

০৩। দরপত্র ফরমের নিদিষ্ট স্থানে দরপত্র দাতার স্বাক্ষর থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র ফরমে কোন কাটাছেড়া বা ঘষামাজা করা যাবে না।

০৪। দরপত্রের সাথে উদ্ধৃতমূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর তফসিলী ব্যাংকের ড্রাফট/ পে-অর্ডার দাখিল করতে হবে। জামানতের অর্থ মূল ইজারা মূল্যের সাথে সমন্বয়যোগ্য নহে এবং ইজারাদার শর্ত ভঙ্গের কারণে প্রদত্ত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৫। হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, হালসন পর্যন্ত আয়কর, ভ্যাট প্রদানের সনদপত্র এবং সিডিউল ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৬। পরিবহনের ব্যবস্থা দরপত্রে উল্লেখ করতে হবে।

০৭। ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানের তিন কপি সত্যায়িত ছবি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৮। দরপত্রের সাথে সংশ্লিষ্ট বালুমহালের স্ক্যাচ ম্যাপ/মৌজা ম্যাপ সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে সংগ্রহক্রমে দাখিল করতে হবে।

০৯। জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদন হওয়ার ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সমুদয় ইজারা মূল্য, ভ্যাট ও আয়করের টাকা সরকারের অনুকূলে জমা প্রদান করতে হবে।

১০। ইজারা গ্রহীতাকে বালুমহালের ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট, ১০% আয়কর প্রদান করতে হবে। সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কর/পাওনা পরিশোধ করতে হবে। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হওয়ার পর নীতিমালা মোতাবেক দরপত্র জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিজ দায়িত্বে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস থেকে বিধি মোতাবেক দখল গ্রহণ করবেন। অন্যথায় পরবর্তীতে দখল দেয়ার বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না ।

১১। কোন অবস্থাতেই ইজারাকৃত বালুমহাল সাব-লীজ দেওয়া যাবে না।

১২। সেতু, সড়ক, মহাসড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারী ও বেসরকারী স্থাপনার নিকটবর্তী স্থান এবং পরিবেশের ভারসাম্য বিনষ্ট করে এমন কোন স্থান হতে বালু উত্তোলন করা যাবে না। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত বেড়ী বাঁধ বা নদীর বাঁধ/পাড়ের ক্ষতি সাধন করা যাবে না। কোন বালু মহালের চৌহদ্দির মধ্যে ব্রীজ থাকলে তা হতে ৫০০ গজ বাদ দিয়ে বালু উত্তোলন করতে হবে এবং এ শর্ত ভঙ্গ করে ব্রীজের কোন ক্ষতিসাধিত হলে সংশ্লিষ্ট ইজারাদারকে দায়ী করা হবে।

১৩। বালু উত্তোলনে কোন প্রকার মেশিন ব্যবহার করা যাবে না এবং বালুমহাল সীমানায় বালু মজুদ রাখা যাবে না।

১৪। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা (সংশোধন) আইন ২০২৩ এবং বিধিমালা, ২০১১ এর যাবতীয় বিধিবিধান এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত যাবতীয় বিধিবিধান অনুসরণ করতে হবে।

১৫। ইজারাদার বালুমহালের আয়তন হ্রাস বা বৃদ্ধি বা ক্ষতিসাধন করতে পারবেন না।

১৬। কোন অবস্থাতেই বালু ব্যতিত মাটি বা অন্য কিছু উত্তোলন করা যাবে না।

১৭। যে সকল বালুমহাল ইজারার বিষয়ে মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/স্থিতিবস্থার আদেশ/সিদ্ধান্তের অপেক্ষা/বিজ্ঞ দেওয়ানী আদালতের স্থগিতাদেশ/ স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ বলবৎ আছে সে সকল বালুমহালের ক্ষেত্রে অনুরূপ আদেশ প্রত্যাহারের পর প্রচলিত নীতিমালা অনুসারে ইজারা কার্যক্রমের ব্যবস্থা নেওয়া হবে। এতদ্ব্যতীত কোন দাগের উপর কিংবা মহালের উপর বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা উল্লেখ করা না হলেও উহা ইজারা বর্হিভূত থাকবে।

১৮। বালুমহাল ইজারার মেয়াদ চলাকালীন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা বলবতের কারণে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্ত হলে তার জন্য কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করতে পারবে না।

১৯। বৎসরের যে সময় ইজারা প্রদান/দখল প্রদান করা হোক না কেন তার ইজারার মেয়াদ বৎসরের ৩০শে চৈত্রের পর কোন অবস্থাতেই মেয়াদ বর্ধিত করা হবে না কিংবা ইজারা গ্রহীতা বালুমহাল দখলে রাখতে পারবেন না।

২০। ইজার গ্রহীতা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উত্তোলিত বালু কোনক্রমেই সর্বসাধারণের ব্যবহার্য রাস্তা বা রাস্তা সংলগ্ন স্থান, খেলার মাঠ, পার্ক বা উন্মুক্ত স্থানে স্তুপ আকারে রাখিয়া স্বাভাবিক চলাচলে বিঘ্ন ও জনদুর্ভোগ সৃষ্টি করিতে পারিবেন না।

২১। ইজারা গ্রহীতা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উত্তোলিত বালু সংশ্লিষ্ট মালিক বা আইনানুগ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অনুমতি ব্যতীত স্থানীয় জনগণের জায়গা জমিতে বা সরকারের জায়গা জমিতে স্তুপ আকারে রাখিতে পারিবেন না।

২২। সরেজমিনে বালুমহালের বাস্তব অবস্থা দেখে আবেদন করতে/দরপত্র দাখিল করতে হবে। ইজারা গ্রহণের পর এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

২৩। ভুল বা মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ দরখাস্ত/দরপত্র বিবেচনাযোগ্য নয়।

২৪। বালুমহালের ইজারা বন্দোবস্তের আবেদন মঞ্জুর/ না-মঞ্জুর/বাতিলের সুপারিশ প্রদানের ক্ষেত্রে কমিটি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫। অকৃতকার্য দরপত্রদাতার দাখিলীয় জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি সিদ্ধান্তের পর ফেরত দেওয়া হবে।

২৬। দরপত্র বাক্স খোলার তারিখে নির্ধারিত সময়ে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে উপস্থিত দরপত্র দাতাদের (যদি কেহ উপস্থিত থাকে) সম্মুখে দরপত্রসমূহ খোলা হবে।

২৭। উপরোক্ত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং সরকারী সম্পত্তির ক্ষতি সাধন করলে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা (সংশোধন) আইন ২০২৩, এবং সরকারী দাবী আদায় আইন, ১৯১৩ এর মাধ্যমে সার্টিফিকেট মামলা দায়ের করে ক্ষতি পূরণ আদায়সহ আইনানুগ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তি দাতা এ বিজ্ঞপ্তি পরিবর্তন কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯। জীব-বৈচিত্র সংরক্ষণ ও পরিবেশ দূষণমুক্ত রাখতে হবে। নদী/খাল/ছড়ার ভূ-প্রাকৃতিক পরিবেশ, মৎস্য, জলজ প্রাণি বা উদ্ভিদ বিনষ্ট হলে বা হওয়ার আশংকা থাকলে বালু উত্তোলন করা যাবে না।

৩০। নির্ধারিত সীমানার বাহিরে কোন বালু উত্তোলন করা যাবে না। ইজারাদার সূর্যোদয় হতে সূর্যাস্তকাল পর্যন্ত বালু উত্তোলন করতে পারবেন।

৩১। নদীর /খাল/ছড়ার তীর ভূমির ঢাল (Slope) যথাযথভাবে সংরক্ষণ করে বালু উত্তোলন করতে হবে। বালু উত্তোলনের ফলে নদীর তীর যাতে ভেঙ্গে না যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। উত্তোলনকৃত বালু কোন অবস্থাতেই নদীর তীরে বা নদীতে ফেলা যাবে না।

৩২। অবৈধ বা অতিরিক্ত বালু উত্তোলনের ফলে নদী ভাঙ্গনের সৃষ্টি হলে বা ঘর-বাড়ি, স্থাপনা, গাছ বা ফসল বিনষ্ট হলে বা পরিবেশ, প্রতিবেশ বা জীববৈচিত্র্যের ক্ষতি সাধিত হলে, অনুরূপ ক্ষতির পরিমাণ নির্ণয় এবং ইজারা গ্রহীতার জামানত হতে ক্ষতিপূরণ আদায় পদ্ধতি নির্ধারণের ব্যবস্থা করা হবে।

৩৩। ইজারাগ্রহীতা কর্তৃক বালু উত্তোলনের ফলে বালুমহাল এবং পার্শ্ববর্তী এলাকার প্রাকৃতিক/পরিবেশের ভারসাম্য নষ্ট হলে জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কোন প্রকার কারণ দর্শাণো ব্যতিরেকে উক্ত বালুমহাল ইজারা স্থগিত/বাতিল করতে পারবেন।

স্মারক নম্বর : ০৫.২০.২২০০.১২৮.২০.০৫৩.২০২৫-২৮০/১(৬০) তারিখ : ২৬/১১/১৪৩১ বঙ্গাব্দ
১১/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

০১। মহা পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বি,এম, ডি), ১৫৩, পাইওনিয়ার রোড,সেগুনবাগিচা, ঢাকা
০২। পুলিশ সুপার, কক্সবাজার
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কক্সবাজার
০৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার
০৫। বিভাগীয় বন কর্মকর্তা, কক্সবাজার উত্তর/দক্ষিণ বন বিভাগ, কক্সবাজার
০৬। উপজেলা নির্বাহী অফিসার...(সকল),কক্সবাজার
০৭। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, কক্সবাজার
০৮। উপ-পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ চট্টগ্রাম দপ্তর, বা অনৌপ কর্তৃপক্ষ ব্রীজঘাট, ফিরিঙ্গী বাজার, চট্টগ্রাম
০৯। উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, কক্সবাজার জেলা কার্যালয়, কক্সবাজার (পরিবেশ অধিদপ্তর কর্তৃক মনোনীত প্রতিনিধি)
১০। সহকারী কমিশনার (ভূমি) -------------------(সকল), কক্সবাজার
১১। সহকারী কমিশনার, গোপনীয় শাখা। জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য
১২। সহকারী কমিশনার,শিক্ষা ও আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার। বিজ্ঞপ্তিটি জেলা ওয়েবপোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো
১৩। সম্পাদক--- । বিজ্ঞপ্তিটি আগামী --------------------------- তারিখের মধ্যে স্বল্প পরিসরে মাত্র একবার প্রকাশ করে পত্রিকার ০৩ কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো
১৪। অফিস কপি

১১.০৩.২০২৫

নওশের ইবনে হালিম
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
কক্সবাজার
ফোন নম্বর : ০২৩৩৪৪৬২২২৫